

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৫৩/২০১৬

তারিখঃ ২৪/০৮/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা)'র দপ্তর স্মারক নং-পরিঃনিঃদ/সা/লাইসেন্স/১৪৯/১৬/৭০, তারিখঃ ১৮/০৮/২০১৬ সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর

নং-পরিঃনিঃদ/সা/লাইসেন্স/১৪৯/১৬/৭০

তারিখঃ ১৮/০৮/২০১৬

বিষয়ঃ চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী হিসাবে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের মালিক/জেটি সরকার/জেটি সরকার সহকারী এবং স্থায়ী গেইট পাশ বহনকারীদের ডাটাবেস প্রস্তুত করণ প্রসঙ্গে।

সূত্র :

ক। নং-পরিঃনিঃদ/প্রক্লিমিটি আইডি কার্ড/২০১৪/৫০৮ তারিখ-১৬/০৪/২০১৫

১। উপর্যুক্ত বিষয়ে সূত্র 'ক' পত্রের বরাতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী হিসাবে সকল প্রতিষ্ঠান/ব্যক্তির তথ্যসমূহ নিরাপত্তা ভবনের নিচ তলায় (পূর্বের নিলাম তথ্য কেন্দ্র) সার্ভার রুমে ডাটাবেস এর মাধ্যমে সংরক্ষণ করা হচ্ছে। উক্ত ডাটাবেস এর আওতায় আপনার প্রতিষ্ঠান/সংশ্লিষ্ট ব্যক্তির বিভিন্ন তথ্যাদি তালিকাভুক্ত করা হলে পরবর্তীতে একটি প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্স ইস্যু/নবায়ন ও স্থায়ী গেইট পাশ ইস্যু/নবায়নের জন্য বিভিন্ন ডকুমেন্টের কপি প্রয়োজন হবে না। ফলে চাহিদানুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে সময় অপচয় রোধসহ নানাবিধ জটিলতা পরিহার হবে।

২। উল্লেখ্য, পূর্বে যে সকল প্রতিষ্ঠানের মালিক/জেটি সরকার/জেটি সরকার সহকারী এবং স্থায়ী গেইট পাশ ব্যবহারকারীরা অদ্যাবধি ডাটাবেসের আওতাভুক্ত হননি তাদের আগামী ২৮/০৮/২০১৬ তারিখ হতে ০৮/০৯/২০১৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) যোগাযোগ করতঃ ডাটাবেস কার্যক্রমে তথ্যাদি প্রদানের নিমিত্তে স্বশরীরে নিরাপত্তা ভবনের নিচ তলায় (পূর্বের নিলাম তথ্য কেন্দ্র) উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

৩। তথ্য অন্তর্ভুক্তি করণের লক্ষ্যে যে সমস্ত নথি পত্রের (মূলকপি) প্রয়োজন হবে এবং তার তালিকাও নিম্নে উল্লেখ করা হলো :

প্রয়োজ্য নথি-পত্রসমূহঃ

ক।	কাস্টম এজেন্সী লাইসেন্স	খ।	কাস্টম সরকার লাইসেন্স
গ।	জেটি মালিক লাইসেন্স	ঘ।	জেটি সরকার লাইসেন্স
ঙ।	ফ্রেইট ফরওয়ার্ড এজেন্সী লাইসেন্স (কাস্টম)	চ।	শিপিং এজেন্ট লাইসেন্স
ছ।	বন্দরের তালিকাভুক্তির কপি	জ।	জাতীয় পরিচয় পত্র (মূল কপি)
ঝ।	ট্রেড লাইসেন্স (মালিকের)	ঞ।	পাসপোর্ট সাইজ ছবি-১ কপি
ট।	TIN সার্টিফিকেট	ঠ।	ভ্যাট/আয়কর সংক্রান্ত সার্টিফিকেট

৪। বিষয়টি জরুরী বিধায় ডাটাবেস সংরক্ষণের কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে আপনাদের সার্বিক সহযোগিতা কাম্য।

স্বাক্ষরিত/-
পরিচালক (নিরাপত্তা)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ